# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ১৪৪১

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২১. মসজিদের উদ্দেশ্যে বের হওয়ার সময় ‘ইশতিবাক’ (এক হাতের আঙ্গুলসমূহ অপর হাতের আঙ্গুলসমূহে প্রবেশ করা করানো) নিষেধ

بَاب النَّهْيِ عَنْ الِاشْتِبَاكِ إِذَا خَرَجَ إِلَى الْمَسْجِدِ

### আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ أَخْبَرَنَا دَاوُدُ بْنُ قَيْسٍ الْفَرَّاءُ عَنْ سَعْدِ بْنِ إِسْحَقَ عَنْ أَبِي ثُمَامَةَ الْحَنَّاطِ قَالَ أَدْرَكَنِي كَعْبُ بْنُ عُجْرَةَ بِالْبَلَاطِ وَأَنَا مُشَبِّكٌ بَيْنَ أَصَابِعِي فَقَالَ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِذَا تَوَضَّأَ أَحَدُكُمْ ثُمَّ خَرَجَ عَامِدًا إِلَى الصَّلَاةِ فَلَا يُشَبِّكُ بَيْنَ أَصَابِعِهِ

### বাংলা

১৪৪১. আবী ছুমামাহ আল হান্নাত্ব বলেন, কা’ব ইবনু ’উজরাহ আমাকে (মসজিদের) আঙিনায় এমতাবস্থায় পেলেন, যখন আমি আমার (হাতের) আঙ্গুলসমূহ পরস্পরের মাঝে প্রবিষ্ট করা অবস্থায় ছিলাম। তখন তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যখন তোমাদের কেউ ওযু করে সালাতের উদ্দেশ্যে বের হয়, সে যেন তার (উভয় হাতের) আঙ্গুলসমূহ পরস্পরের মধ্যে প্রবেশ না করায়।”[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান, আবী ছুমামাহ আল হান্নাত্ব এর কারণে।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ২০৩৬, ২১৪৯, ২১৫০ ও মাওয়ারিদুয যাম’আন নং ৩১৫, ৩১৬ তে। পরবর্তী টীকাটিও দেখুন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81724

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন